



# পিওর্‌ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF সম্পর্কে জানুন




১. এলইডি ইন্ডিকেটর
২. ট্যাপ
৩. রিজেক্ট-পানির টিউব
৪. কম্পাউন্ড ইএসএফ আউটলেট টিউব
৫. পানির লেভেল ইন্ডিকেটর
৬. কম্পাউন্ড ইএসএফ
৭. ইএসএফ ইনলেট টিউব
৮. ডাইভারটার
৯. বল ভাল্‌ভ

# পিওর্‌ইট মারভেলা স্লিম

## মিনারেল RO+UV+MF এর অনন্য বৈশিষ্ট্যসমূহ

### RO+UV+MF প্রযুক্তির মাধ্যমে অত্যাধুনিক ৭ স্তরের পিউরিফিকেশন
আপনার পান করা প্রতিটি ফোঁটা স্বাদু এবং সবসময় নিরাপদ।

### ১০০% RO পিউরিফাইড পানি
সম্পূর্ণ পানি **RO** দিয়ে প্রবাহিত হয় যা বিশুদ্ধ এবং দূষিত পানির মিশ্রিত না হওয়া নিশ্চিত করে। শুধুমাত্র **RO**-ই পারে ক্ষতিকারক কেমিকেল যেমন আর্সেনিক, মার্কারি নির্দিষ্ট মাত্রায়† ইত্যাদি অপসারন করতে।

### মিনারেল কার্টিজ যুক্ত
পরিশোধিত পানিতে প্রয়োজনীয় মিনারেল/খনিজ পদার্থ যোগ করে পানিকে সমৃদ্ধ করে।

### বিশাল ৮ লিটারের পানি ধারন ক্ষমতা
আপনার বিশুদ্ধ পানি যেন কখনো শেষ না হয়।

### ডাবল পিউরিটি লক
অ্যাডভান্স অ্যালার্ট সিস্টেম আপনাকে ফিল্টারের মেয়াদ শেষ হওয়ার ১৫ দিন আগে সতর্ক করে দেয়। ফিল্টার পরিবর্তন করা না হলে অটো শাট অফ পানি বন্ধ করে দেয়। নিরাপদ এবং সুস্বাদু পানির ১০০% গ্যারান্টি।

### ২০ লিটার/ঘন্টার উচ্চ গতির পিউরিফিকেশন
পুরো দিনের চাহিদার পানি ১ ঘন্টার কমে পিউরিফাই করে।

### ইউনাইটেড স্টেটস এনভায়রনমেন্টাল প্রটেকশান এজেন্সি (ইউএসিপিএ) কমপায়েন্ট
কঠোর সেফটি স্ট্যান্ডার্ড মেনে ১ লিটার পানি থেকে ১ কোটি ভাইরাস এবং ১০ কোটি ব্যাকটেরিয়া অপসারন করতে পারে।

### ৩৫% পর্যন্ত উচ্চ পানি সাশ্রয় ক্ষমতা
উলেখযোগ্য পরিমান অধিক পানি সাশ্রয় করে যেখানে সাধারণ জঙ মাত্র ২৫% সাশ্রয় করে।





* উলেখিত টেস্ট কন্ডিশনের আওতায়, ইনপুট টিডিএস - ৭৫০ পিপিএম, টারবিডিটি - < ১ এনটিইউ, ইনপুট প্রেশার - ১০ পিএসআই, ইনপুট হার্ডনেস - ৩০০ পিপিএম, তাপমাত্রা - কক্ষ তাপমাত্রা।

** ৫ জনের পরিবারের দৈনিক খাবার পানির চাহিদা ২০ লিটার ধরে নিয়ে

† ইনপুট পানিতে পৃথকভাবে আর্সেনিক (III) ২০ পিপিবি পর্যন্ত এবং আর্সেনিক (V) ১০০ পিপিবি পর্যন্ত, ফ্লুরাইড ৮.০ পিপিএম পর্যন্ত, আয়রন/লোহা ০.৯ পিপিএম পর্যন্ত, লেড/সীসা ১৫০ পিপিবি পর্যন্ত, মার্কারি/পারদ ৬ পিপিবি পর্যন্ত, এবং নাইট্রেট (**NO3** অবস্থায়) ১৫০ পিপিএম পর্যন্ত থাকলে **RO** সিস্টেম ব্যবহার করা যাবে।

# পিওর্‌ইট মারভেলা স্লিম

## মিনারেল RO+UV+MF এর অনন্য বৈশিষ্ট্যসমূহ




This is a graphic representation of filters

**১ম স্তর**
**প্রি-সেডিমেন্ট ফিল্টার:** ছোটোখাটো এবং অমসৃণ অপরিশুদ্ধ / ময়লা কণা অপসারণ করে এবং কার্বন ফিল্টারের আয়ু বৃদ্ধি করে।

**২য় স্তর**
**Pre-RO কার্বন ফিল্টার:** ক্লোরিন এবং অপরিশুদ্ধ জৈব, যেমন: ক্ষতিকারক কীটনাশক অপসারণ করে। এছাড়াও এটি বাজে স্বাদ এবং গন্ধ, যা পানি থেকে জৈবিক যৌগ তৈরি করে তা শোষণ করে।

**৩য় স্তর**
**মিনি ফিল্টার:** আরও ছোট অপরিশুদ্ধ কণা অপসারণ নিশ্চিত করার জন্য পানি পুনরায় ফিল্টার করে।

**৪র্থ স্তর**
**RO মেমব্রেন:** দ্রবীভূত লবণ, খরতা, কীটনাশক এবং ভারী ধাতু, যেমনঃ আর্সেনিক, সিসা এবং পারদ নির্দিষ্ট মাত্রায়[†] অপসারণ করে। এছাড়াও এটি দূষণকারী জীবাণু, যেমনঃ ব্যাকটেরিয়া, ভাইরাস, প্রোটোজোয়া এবং সিস্ট অপসারণ করে।

**৫ম স্তর**
**UV চেম্বার :** পরিশুদ্ধ করনের অতিরিক্ত স্তর যা ব্যাকটেরিয়া, ভাইরাস এবং পরজীবী ধ্বংস করে।

**৬ষ্ঠ স্তর**
**Post-RO কাবন ফিল্টার:** পরিশোধন করার শেষ ধাপ পলিশার হিসেবে কাজ করে এবং পরিশোধিত পানির স্বাদ বৃদ্ধি করে।

**৭ম স্তর**
**মাইক্রো ফিল্ট্রেশন ফিল্টার চেম্বার:** মাইক্রো ফিল্ট্রেশন ফিল্টার চেম্বার একটি RO পরবর্তী ধাপ, যেটা নিশ্চিত করে যে, পানি এক বার নয়, দুই বার পরিশোধিত হচ্ছে।

# আপনার পিওর্‌ইট মারভেলা স্লিম

## মিনারেল RO+UV+MF যেভাবে ইন্সটল করবেন

১. পিউরিফায়ারটি অবশ্যই দক্ষ পিওর্‌ইট টেকনিশিয়ান দ্বারা স্থাপন করতে হবে।

২. এটি দেয়ালের সাথে সংযুক্ত করে অথবা টেবিলের উপর রেখে ব্যবহার করা যেতে পারে।

৩. পিউরিফায়ারটিকে পিঁপড়া / অন্যান্য পোকামাকড়মুক্ত স্থানে রাখতে হবে।

৪. পিউরিফায়ারটিকে লম্বাভাবে ঝোলানো পানির সংযোগের কাছাকাছি রাখতে হবে (২ মিটারের বেশি নয়)।

৫, পিউরিফায়ারটিকে কোনো বৈদ্যুতিক সকেটের উপর স্থাপন করবেন না।

৬. পণ্যের পাইপগুলোকে বেশি বাঁকানো থেকে বিরত থাকুন।

৭. কোনো বর্ধিত তার ব্যবহার করবেন না।

৮. পিউরিফায়ারটি স্থাপনের পূর্বে পানির চাপ পরীক্ষা করুন।

৯. পিউরিফায়ারটি স্থাপনের পূর্বে আপনাকে প্রবেশকৃত পানির টিডিএস (টোটাল ডিসলভড সলিডস) পরীক্ষা করে নিতে হবে। প্রবেশকৃত পানির টিডিএস ২০০০ পিপিএম-এর বেশি হওয়া যাবে না।

১০. পিউরিফায়ারটিকে কোনো গরম পানির ট্যাপের সাথে সংযুক্ত করা যাবে না।

১১. অনুগ্রহ করে রিজেক্ট লাইনের পাইপটিকে সরাসরি নিষ্কাশনে প্রবেশ করাবেন না (এটি নিষ্কাশনের উপর ঝুলিয়ে রাখুন)।

১২. অনুগ্রহ করে ইউনিটটিকে এমন জায়গায় রাখুন যেখানে এটি ঠান্ডায় জমে যাবে না অথবা সরাসরি সূর্যের সংস্পর্শে আসবে না। সেই স্থানে পর্যাপ্ত বায়ু চলাচল নিশ্চিত করুন।

# আপনার পিওর্ইট মারভেলা স্লিম
## মিনারেল RO+UV+MF এর যেভাবে যত্ন নিবেন

### পরিষ্কার করার পদ্ধতি

১. পিউরিফায়ারের বাইরের অংশ শুধুমাত্র শুকনো কাপড় দিয়ে পরিষ্কার করুন। কোনো ডিটারজেন্ট অথবা সাবান ব্যবহার করবেন না।

২. ডিভাইসের উপরিভাগ জোরে জোরে অথবা ঘষে পরিষ্কার করবেন না, এতে পিউরিফায়ারে দাগ পড়ে যেতে পারে।

৩. পরিষ্কার অথবা কোনো ধরনের প্রতিস্থাপনের জন্য পিউরিফায়ারটি খোলার চেষ্টা করবেন না। এটি শুধুমাত্র কোম্পানির দক্ষ কর্মীরা এবং অনুমোদিত এজেন্টরা করতে পারবে।

৪. ওয়াটার পিউরিফায়ারের আশেপাশের পরিবেশ পরিষ্কার রাখুন। আশেপাশের স্থানসমূহ পিঁপড়া / অন্যান্য পোকামাকড় থেকে মুক্ত রাখুন।

৫. পিউরিফায়ার পরিষ্কারের সময় রিজেক্ট লাইন এবং অন্যান্য পাইপের খেয়াল রাখুন। অন্যথায় রান্নাঘরে পানি গড়িয়ে যেতে পারে।

### স্টোরেজ ট্যাংক

১. ১৫ দিন পর পর স্টোরেজ ট্যাংকের সব পানি ট্যাপ দিয়ে ফেলে দিন।

২. ২ দিনের বেশি আপনার অব্যবহৃত পানি সবসময় স্টোরেজ ট্যাংক থেকে ফেলে দিন।

৩. বাহ্যিক / বিদেশী উপাদান (যেমন ধুলো, পোকামাকড়, পিঁপড়া, অন্যান্য কীটপতঙ্গ), স্টোরেজ ট্যাঙ্কে যাতে ঢুকতে না পারে সেদিকে খেয়াল রাখুন, এতে পরিশুদ্ধ পানির মান খারাপ হতে পারে।

### অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশনা

১. যখন আপনি বাইরে থাকবেন এবং বিল্ডিং ওভারহেড ট্যাঙ্ক পরিষ্কার করবেন সবসময় নিশ্চিত করবেন যেন বৈদ্যুতিক সংযোগ এবং বল ভালভ বন্ধ থাকে।


২. পিউরিফায়ারের উপর কোনো ভারী এবং ধারালো বস্তু রাখবেন না।

৩. অনুগ্রহ করে ব্যবহৃত দ্রব্যসামগ্রী, যেমন: সেডিমেন্ট ফিল্টার, কার্বন ফিল্টার এবং মেমব্রেনগুলো অন্যান্য গৃহস্থালী বর্জ্যের সাথে মিউনিসিপালটির বর্জ্য ফেলার স্থানে ফেলুন।

৪. আপনাকে শুধুমাত্র পিউরিফায়ারে পানি সংরক্ষণ করতে হবে, কোনো বোতল বা পাত্রে নয়।

ডিসপোজাল গাইডলাইন (বৈদ্যুতিক): অনিয়ন্ত্রিত বর্জ্য ব্যবস্থাপনা থেকে পরিবেশ এবং মানব স্বাস্থ্যের সম্ভাব্য ক্ষতি দূর করার জন্য অনুগ্রহ করে এই পণ্যের সাথে থাকা বৈদ্যুতিক সরঞ্জামাদি, যেমন: পাওয়ার সাপ্লাই অ্যাডাপ্টর, কন্ট্রোল সার্কিটসমূহ, এলইডি প্যানেল এবং তারগুলো অন্যান্য বর্জ্য থেকে আলাদা রাখুন এবং বস্তুগত সম্পদের সহনীয় ব্যবহার বৃদ্ধি করার জন্য এই সরঞ্জামগুলো দায়িত্বশীলভাবে পুনরায় ব্যবহারের উপযোগী করে তুলুন। যেখান থেকে এই পণ্যটি কিনেছেন সেই রিটেইলারের সাথে অথবা কোথায় এবং কীভাবে এই পণ্যগুলো পরিবেশগতভাবে নিরাপদে পুনরায় ব্যবহারের উপযোগী করে তোলা হয় তা বিস্তারিত জানতে স্থানীয় সরকারি অফিসে যোগাযোগ করুন।

# নিজেকে নিরাপদ রাখুন




১. রিজেক্ট-পানির টিউবে জমা হওয়া পানি পানের উপযোগী নয়। তবে, এই পানি বাগানে এবং মেঝে পরিষ্কারের কাজে ব্যবহার করা যাবে।

২. ভেজা হাতে পাওয়ার কর্ড সংযুক্ত এবং বিচ্ছিন্ন করা যাবে না। বৈদ্যুতিক শক এবং অগ্নিকান্ডের ঝুঁকি দূর করার জন্য নিশ্চিত হতে হবে যে প্লাগটি সংযুক্ত এবং বিচ্ছিন্ন করার সময় ভেজা নয়।

৩. দূর্ঘটনা এড়ানোর জন্য কর্ডটিকে তারের সংযোগস্থল থেকে দূরে রাখুন। কর্ডটিকে কখনোই কার্পেটের নিচে এবং তাপমাত্রা নিরোধক, রেডিয়েটর, স্টোভ এবং হিটারের কাছাকাছি রাখবেন না।

৪. যদি পাওয়ার কর্ডটি নষ্ট হয়ে যায়, সেটি পরিবর্তন করতে হবে এবং পুনরায় ব্যবহার করা যাবে না।

৫. যদি ধোঁয়া অথবা পোড়া গন্ধ নির্গত হয় তবে দ্রুত প্লাগটি খুলে ফেলুন এবং পিওর্ইট কেয়ারলাইনে কল করুন।

৬. বাড়ি পরিবর্তনের সময় পিউরিফায়ারটিকে পিওর্ইট -এর সার্ভিস টেকনিশিয়ান দ্বারা যথাযথভাবে পরীক্ষা এবং প্যাকেজিং করুন। স্টোরেজ ট্যাংকের পানি ফেলে দিয়ে পিউরিফায়ারটিকে শিফটিং কেইসে সাবধানে প্যাকেজিং করুন।

৭. অনুগ্রহ করে বল ভালভটি বন্ধ করার সময় বৈদ্যুতিক প্রবাহ বন্ধ করুন।

৮. এনএসএফ-৫৮ স্ট্যান্ডার্ড দ্বারা স্বীকৃত পয়েন্ট-অফ-ইউজ রিভার্স অসমোসিস ড্রিংকিং ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম বানানো হয়েছে পানির সরবরাহে (ব্যক্তিগত এবং রাষ্ট্রীয়) উপস্থিত কিছু বিশেষ পদার্থ দূরীকরণের জন্য। এই সিস্টেম জীবাণুমুক্ত এবং অত্যন্ত উন্নতমানের।

৯. পিউরিফায়ার থেকে নির্গত পানিতে কিছু অতিক্ষুদ্র উদ্ভিদজাত উপাদান থাকতে পারে, যা নিরাপদ এবং স্বাভাবিক স্বাস্থ্যের প্রাপ্তবয়স্ক ও শিশুদের জন্য কোনো স্বাস্থ্যঝুঁকি তৈরি করে না।

১০. পিউরিফায়ারের চারপাশের অঞ্চলটি পরিষ্কার এবং কীটপতঙ্গ / ধুলিমুক্ত রাখুন

# অভিনব অ্যাডভান্স অ্যালার্ট সিস্টেম

| নির্দেশক | নির্দেশকের অবস্থা | নির্দেশকের পুনরাবৃত্তি | নির্দেশনা |
|---|---|---|---|
| স্টোরেজ ট্যাঙ্ক | আলো নেই | প্রযোজ্য নয় | স্টোরেজ ট্যাংক পূর্ণ নয় |
| | সবুজ | প্রযোজ্য নয় | স্টোরেজ ট্যাংক পূর্ণ |
| | গাড় লাল | প্রযোজ্য নয় | ইনপুট ওয়াটার নেই / ইনপুট ওয়াটারের প্রেসার কম (<৫ পিএসআই) |
| এসএফ(SF) পরিবর্তন | সবুজ | প্রযোজ্য নয় | প্রি-সেডিমেন্ট ফিল্টার ব্যবহারের জন্য নিরাপদ |
| | মিটমিট করে জ্বলা নীল | ডিভাইস ইনস্টলেশনের বা জিকেকে(GKK) পরিবর্তনের পর, পাম্প চলার সময়ের আনুমানিক ১৫০ ঘন্টা | প্রি সেডিমেন্ট ফিল্টারের আয়ু শিঘ্রই শেষ হবে। ফিল্টার পরিষ্কার করুন অথবা প্রতিস্থাপনের জন্য কেয়ারলাইনে কল করুন। যথাসময়ে প্রতিস্থাপন করা না হলে এটি পিউরিফায়ারের কর্মদক্ষতার উপর প্রভাব ফেলতে পারে।[১] |
| জিকেকে (GKK) পরিবর্তন | সবুজ | প্রযোজ্য নয় | জার্মকিল কিট (GKK) ব্যাবহারের জন্য নিরাপদ |
| | মিটমিট করে জ্বলা লাল | ডিভাইস ইনস্টলেশনের বা জিকেকে(GKK) পরিবর্তনের পর, পাম্প চলার সময়ের আনুমানিক ৩১৫ ঘন্টা | জার্মকিল কিট (GKK)-এর আয়ু শীঘ্রই শেষ হবে। জার্মকিল কিট (GKK) প্রতিস্থাপনের জন্য পিওর্‌ইট কেয়ারলাইনে কল করুন। |
| | গাড় লাল | ডিভাইস ইনস্টলেশনের বা জিকেকে(GKK) পরিবর্তনের পর, পাম্প চলার সময়ের আনুমানিক ৩৩০ ঘন্টা[২] | জার্মকিল কিট (GKK)-এর আয়ু শেষ এবং এটি প্রতিস্থাপন করতেই হবে। এই সময় অটো শাট অফ হয়ে পানির প্রবাহ বন্ধ করে দিবে এবং দুর্ঘটনাবশত যেন আপনি অনিরাপদ পানি পান না করে ফেলেন সেই ব্যাপারটি নিশ্চিত করবে। |


প্রথমিক শুরুর সময় স্টোরেজ ট্যাঙ্ক এলইডি এবং GKK এলইডি ২ সেকেন্ডের জন্য জ্বলে উঠবে। GKK এলইডি লাল-সবুজ-নীল ক্রমানুসারে জ্বলে উঠবে। স্টোরেজ ট্যাঙ্ক এলইডি সর্বোচ্চ ১৫ মিনিট পর্যন্ত জ্বলজ্বল করবে এবং এরপর সাধারণ অবস্থায় ফিরে আসবে।

যেকোন বৈদ্যুতিক ত্রুটির ক্ষেত্রে (RO পাম্প, UV, SV ফল্ট) এলইডি লাল-সবুজ-নীল ক্রমানুসারে জ্বলতে থাকবে।

① ডিভাইস ইনস্টলেশনের বা জিকেকে(GKK) পরিবর্তনের পর সেডিমেন্ট ফিল্টার পরিবর্তনের জন্য নীল আলো মিটমিট করে জ্বলে উঠবে, পাম্প চলার সময়ের আনুমানিক ১৫০-১৬৫ ঘন্টা পরে। আপনি ফিল্টার পরিষ্কার করতে পারেন অথবা প্রতিস্থাপনের জন্য পিওরইট কেয়ারলাইনে কল করতে পারেন।

② পাম্প চলার সময়ে আনুমানিক ৩৩০ ঘন্টা পরে জার্মকিল কিট (GKK) পরিবর্তন করতে হবে। ১০ পিএসআই ইনপুট প্রেসার, ৭৫০ পিপিএম টিডিএস এবং ২৫ ডিগ্রী তাপমাত্রার টেস্ট কন্ডিশনে পাম্প চলার সময়ে আনুমানিক ৩৩০ ঘন্টায় সাধারনত ৬০০০ লিটার পানি পাওয়া যায়। টেস্ট কন্ডিশন ভিন্ন হলে ফিল্টারকৃত পানির পরিমানে ভিন্নতা থাকতে পারে।

যদিও জার্মকিল কিট (GKK) এবং সেডিমেন্ট ফিল্টার (SF) প্রতিস্থাপনের একটি নির্দিষ্ট সময় রয়েছে, ইনপুট পানির কোয়ালিটির নির্ভর করে মধ্যবর্তি সময়ে সেডিমেন্ট ফিল্টারটি পরিবর্তন করার প্রয়োজন হতে পারে।




# প্রযুক্তিগত বিবরণী

## পিওর্‌ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF

| | |
|---|---|
| মডেল | পিওর্‌ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF |
| আয়তন(উচ্চতা*ব্যাস*গভীরতা) | ৪৪৭ মিমি *৩৫০ মিমি *২৮০ মিমি |
| ওজন(সম্পূর্ণ যন্ত্রের) | ৭.৩ কেজি |
| প্রবাহের হার | ২০ লিটার / ঘন্টা পর্যন্ত |
| স্টোরেজ ট্যাঙ্কের ধারন ক্ষমতা | ৮ লিটার[৪] |
| ৭ স্তরের পিউরিফিকেশন প্রযুক্তি | প্রি-সেডিমেন্ট ফিল্টার, প্রি-RO কার্বন ফিল্টার, মিনি ফিল্টার, রিভার্স অসমোসিস, মাইক্রো ফিল্‌ট্রেশন মেমব্রেন, ইউভি চেম্বার, পোস্ট- RO কার্বন ফিল্টার |
| মেমব্রেনের ধরন | থিন ফিল্ম কম্পোজিট স্পাইরাল উন্ড |
| পাম্পের ধরন | ডায়াফ্রাম পাম্প, ২৪ V DC |
| % রিকভারি[৫] | সাধারনত ৩৫% |
| টিডিএস হ্রাসকরণ[৬] | ৯০% (নুন্যতম) |
| প্রবেশকৃত পানি | পিএইচ সীমা ৬.৫-৮.৫, তাপমাত্রা ১০°C-৪০°C |
| পাওয়ার রেটিং | ৫৫ ওয়াট সর্বোচ্চ |
| প্রেশার রেটিং | ১০-৩০ পিএসআই[৭] |
| ভোল্টেজ ইনপুট | ১০০-২৪০ Vac, ৫০ Hz |
| প্লাস্টিক অংশগুলোর নির্মানের উপাদান | খাবারের জন্য নিরাপদ, অবিষাক্ত, ইঞ্জিনিয়ারিং মানের |
| পাওয়ার কর্ডের দৈর্ঘ্য | ১.৫ মিটার |
| প্রবেশকৃত পানিতে মোট দ্রবিভূত লবণ | ২০০০ মিগ্রা / লিটার পর্যন্ত (সর্বোচ্চ)[৮] |
| মোট খরতা | ৫০০ মিগ্রা / লিটার (সর্বোচ্চ) |
| প্রবেশকৃত পানিতে লোহা | ০.৩ মিগ্রা / লিটার (সর্বোচ্চ)[৯] |
| প্রবেশকৃত পানির অস্বচ্ছতা | ১ এনটিইউ |

## জার্মকিল কিট

| | |
|---|---|
| নির্মানের উপাদান | খাবারের জন্য নিরাপদ, অবিষাক্ত, ইঞ্জিনিয়ারিং মানের প্লাস্টিক |
| জিকেকে (GKK) | প্রি-সেডিমেন্ট ফিল্টার - ১ নম্বর<br>প্রি-জও কার্বন ফিল্টার - ১ নম্বর<br>পোস্ট-RO কার্বন ফিল্টার - ১ নম্বর<br>মিনি ফিল্টার ১ - নম্বর<br>রিভার্স অসমোসিস মেমব্রেন - ১ নম্বর<br>মাইক্রো ফিলট্রেশন মেমব্রেন - ১ নম্বর<br>টিডিএস মডুলেটর - ১ নম্বর |
| জিকেকে (GKK) আয়ুঃ ৬০০০ লিটার | মাইক্রোবায়োলজিকাল নিরাপদ পানি পানের আন্তর্জাতিক কঠোর মানদন্ড পূরণ করে এনভায়রনমেন্টাল প্রোটেকশান এজেন্সি (ইপিএ), ইউএসএ |

④ চলন্ত পানির ক্ষেত্রে ৫.৮-৬.১
⑤ প্রবেশকৃত প্রবাহের মাত্রা এবং রিকভারি স্ট্যান্ডার্ড টেস্ট কন্ডিশনের উপর নির্ভর করে এবং প্রবেশকৃত পানির মান, টিডিএস, চাপ এবং ফিল্টার উপাদানের আয়ুর উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।
⑥ প্রবেশকৃত পানির মান এবং টিডিএস এর পরিমাণ উৎপাদিত পানির পানের গুরুত্বপূর্ণ নির্ধারক।
⑦ যদি প্রবেশকৃত চাপ ৩০ পিএসআই- এর বেশি হয়, অনুগ্রহ করে কোম্পানির যোগান দেওয়া 'প্রেশার রিডিউসিং ভালভ' অতিরিক্ত খরচে স্থাপন করুন।
যদি প্রবেশকৃত চাপ ১০ পিএসআই- এর কম হয়, তাহলে আপনাকে অতিরিক্ত খরচ দিয়ে 'বুস্টার পাম্প' কিনতে হবে।
যে বাড়িতে চাপ ৬০ পিএসআই এর বেশি সেখানে যন্ত্রটি স্থাপন করা উচিত হবে না।
যদি আপনি পানিতে গন্ধের সমস্যা অনুভব করেন, তাহলে যন্ত্রে দেওয়া Post-RO কার্বন ফিল্টারটি মধ্যবর্তী সময়ে অতিরিক্ত খরচে পরিবর্তন করতে হতে পারে।

⑧ যদি টিডিএস ১০০০ পিপিএম-এর থেকে বেশি হয়, তাহলে কোম্পানির যোগান দেওয়া একটি অ্যান্টি-স্ক্যালেন্ট স্থাপন করার পরামর্শ দেয়া হলো।

⑨ যদি প্রবেশকৃত পানিতে লোহার পরিমাণ উচ্চ থাকে, কোম্পানির যোগান দেয়া আয়রন রিমুভাল ফিল্টার অতিরিক্ত খরচে স্থাপন করার পরামর্শ দেয়া হলো।

# প্রচলিত প্রশ্নসমূহ

**পিওর‌্ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF কিভাবে পানি পরিশোধন করে?**

পিওরইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF একটি ৭ স্তরের পিউরিফিকেশন পদ্ধতি, যা আপনাকে ফুটানো পানি থেকেও নিরাপদ পানি পাওয়ার নিশ্চয়তা দেয় এবং এছাড়াও পানির স্বাদ বাড়াতে বাড়তি টোটাল ডিসলভড সলিডস (টিডিএস) অপসারন করে।

**১ম স্তর**

**প্রি-সেডিমেন্ট ফিল্টার:** ছোটোখাটো এবং অমসৃণ অপরিশুদ্ধ / ময়লা কণা অপসারণ করে এবং কার্বন ফিল্টারের আয়ু বৃদ্ধি করে।

**২য় স্তর**

**Pre-RO কার্বন ফিল্টার:** ক্লোরিন এবং অপরিশুদ্ধ জৈব, যেমন: ক্ষতিকারক কীটনাশক অপসারণ করে। এছাড়াও এটি বাজে স্বাদ এবং গন্ধ, যা পানি থেকে জৈবিক যৌগ তৈরি করে তা শোষণ করে।

**৩য় স্তর**

**মিনি ফিল্টার:** আরও ছোট অপরিশুদ্ধ কণা অপসারণ নিশ্চিত করার জন্য পানি পুনরায় ফিল্টার করে।

**৪র্থ স্তর**

**RO মেমব্রেন:** দ্রবীভূত লবণ, খরতা, কীটনাশক এবং ভারী ধাতু, যেমনঃ আর্সেনিক, সিসা এবং পারদ নির্দিষ্ট মাত্রায়† অপসারণ করে। এছাড়াও এটি দূষণকারী জীবাণু, যেমনঃ ব্যাকটেরিয়া, ভাইরাস, প্রোটোজোয়া এবং সিস্ট অপসারণ করে।

**৫ম স্তর**

**UV চেম্বার :** পরিশুদ্ধ করনের অতিরিক্ত স্তর যা ব্যাকটেরিয়া, ভাইরাস এবং পরজীবী ধ্বংস করে।

**৬ষ্ঠ স্তর**

**Post-RO কার্বন ফিল্টার:** পরিশোধন করার শেষ ধাপ পলিশার হিসেবে কাজ করে এবং পরিশোধিত পানির স্বাদ বৃদ্ধি করে।

**৭ম স্তর**

**মাইক্রো ফিল্ট্রেশন ফিল্টার চেম্বার:** মাইক্রো ফিল্ট্রেশন ফিল্টার চেম্বার একটি RO পরবর্তী ধাপ, যেটা নিশ্চিত করে যে, পানি এক বার নয়, দুই বার পরিশোধিত হচ্ছে।

**পিওর‌্ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF-এর ধারনক্ষমতা কত?**

পিওর‌্ইট-এর সর্বোচ্চ ৮ লিটার ধারণক্ষমতার একটি স্টোরেজ ট্যাংক রয়েছে। স্টোরেজ ট্যাংকটি সম্পূর্ণ স্বয়ংক্রিয় এবং আপনি যখন ট্যাংক থেকে পানি সরিয়ে নিবেন, পরিশোধন প্রক্রিয়াটি স্বয়ংক্রিয়ভাবে আবার শুরু হবে এবং স্টোরেজ ট্যাংকটি পুনরায় পূর্ণ করবে।

**পিওর‌্ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF মিনারেল -এ পানি পরিশোধন করতে কত সময় লাগে?**

আপনি যে ডিভাইসটি কিনেছেন তার উপর নির্ভর করে পিওর‌্ইট প্রতি ঘণ্টায় ২০ লিটার পর্যন্ত পানি পরিশোধন করতে পারে। তবে, পরিশোধন করতে যে সময় লাগে তা ফিল্টারগুলো, প্রবেশকৃত পানির প্রেশার, টিডিএস এবং পানিতে অবস্থিত অন্যান্য অপরিশুদ্ধতার উপর নির্ভর করে।

**পিওর‌্ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF মিনারেল কি আর্সেনিক, ফ্লুরাইড এবং নাইট্রেটস অপসারণ করে?**

অন্যান্য আয়নগুলোর মতই, RO প্রযুক্তি আর্সেনিক, ফ্লুরাইড এবং নাইট্রেটস নির্দিষ্ট মাত্রায়† অপসারণ করে।

**আমি কিভাবে নতুন দ্রব্যসামগ্রী / মেমব্রেনস প্রতিস্থাপন করবো?**

আপনাকে পিওর‌্ইট কেয়ারলাইনে কল করতে হবে এবং প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীটি চাইতে হবে। কাস্টোমার কেয়ার প্রতিনিধি আপনার বাসায় যাবে এবং দ্রব্যসামগ্রীটি / জার্মকিল কিটটি নূন্যতম খরচে প্রতিস্থাপন করে দিবে।

**ট্যাপ থেকে প্রবাহ কম হলে আমার কী করা উচিত?**

অনুগ্রহ করে এলইডিগুলো পরীক্ষা করুন এবং দেখুন 'অ্যাডভান্স অ্যালার্ট সিস্টেম' অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী SF বা GKK প্রতিস্থাপন করার প্রয়োজন রয়েছে কিনা। যদি প্রয়োজন না থাকে, তাহলে সাহায্যের জন্য পিওর‌্ইট কেয়ারলাইনে যোগাযোগ করুন।

**কোন দ্রব্য সামগ্রীগুলো প্রতিস্থাপন করতে হবে?**

ইনপুট ওয়াটার কোয়ালিটির উপর নির্ভর করে ইনস্টলেশন তারিখ থেকে আনুমানিক প্রতি ৬ মাস পরপর আপনাকে সেডিমেন্ট ফিল্টার পরিষ্কার/পরিবর্তন করতে হবে এবং আনুমানিক প্রতি ১ বছর পরপর জিকেকে (GKK) পরিবর্তন করতে হবে।

**আমি কি পিউরিফায়ার থেকে পরিশোধনের প্রথম চক্রের পানি পান করতে পারবো?**

না। নতুন পিওর‌্ইট পিউরিফায়ার স্থাপন এবং যখনই জার্মকিল কিট প্রতিস্থাপন করে স্টোরেজ ট্যাংকে প্রথম চক্রের পানি পূর্ণ করা হয়, তখন সেটা ফেলে দেওয়ার পরামর্শ দেয়া হয়।

**যদি স্টোরেজ ট্যাংকে কোনো পরিশোধিত পানি না থাকে তাহলে আমার কী করা উচিত?**

যদি স্টোরেজ ট্যাংকে কোনো পরিশোধিত পানি না থাকে, নিচের জিনিসগুলো পরীক্ষা করুন:

২য় এলইডি আলো লাল: এটার মানে GKK-এর আয়ু শেষ। GKK প্রতিস্থাপনের জন্য কেয়ারলাইনে কল করুন।

১ম এলইডি আলো জ্বলছে না: এর মানে হতে পারে প্রবেশকৃত পানির চাপ পর্যাপ্ত নয়, প্রবেশকৃত পানির সরবরাহ পরীক্ষা করুন। যদি প্রবেশকৃত পানির চাপ কম থাকে, বুস্টার প্রতিস্থাপনের জন্য কেয়ারলাইনে কল করুন ।

† ইনপুট পানিতে পৃথকভাবে আর্সেনিক (III) ২০ পিপিবি পর্যন্ত এবং আর্সেনিক (V) ১০০ পিপিবি পর্যন্ত, ফ্লুরাইড ৮.০ পিপিএম পর্যন্ত, আয়রন/লোহা ০.৯ পিপিএম পর্যন্ত, লেড/সীসা ১৫০ পিপিবি পর্যন্ত, মার্কারি/পারদ ৬ পিপিবি পর্যন্ত, এবং নাইট্রেট (NO3 অবস্থায়) ১৫০ পিপিএম পর্যন্ত থাকলে RO সিস্টেম ব্যবহার করা যাবে।

**পিউরিফায়ারটি খুলে আমি নিজেই কি ঠিক করে নিতে পারবো?**

নিজে নিজেই পিউরিফায়ারটি খুলে ঠিক করে নেওয়ার পরামর্শ দেওয়া হয় না। যদি আপনাকে পিউরিফায়ারটি খুলে ঠিক করে নিতে হয় তাহলে আমাদের পিওর‌্ইট কেয়ারলাইনে কল করুন।

**আমি কি রিজেক্ট -পানি ব্যবহার করতে পারি?**

রিজেক্ট-পানি মানুষ/পোষা প্রাণীর কোনোরকম ব্যবহার (পান বা রান্না) না করার পরামর্শ দেওয়া হয়। এটা হয়তো বাগানে বা মেঝে পরিষ্কারে ব্যবহার করা যেতে পারে।

**পিউরিফায়ারের কোনো অংশ যদি ভেঙে যায় তাহলে আমার কী করা উচিত?**

অনুগ্রহ করে পিওর‌্ইট কেয়ারলাইনে কল করুন। আমাদের প্রতিনিধিরা আপনার বাসায় যাবে এবং যা মেরামত করা দরকার তা করবে। পরিদর্শনের জন্য একটা নূন্যতম খরচ দিতে হবে এবং প্রয়োজনীয় অংশগুলো আপনাকে কিনে দিতে হবে।

**পিউরিফায়ার যদি ছিদ্র হয়ে যায় তাহলে আমার কী করা উচিত?**

যদি আপনি পিউরিফায়ারে কোন ছিদ্র খুঁজে পান তাহলে প্রথমে বল ভালভটি বন্ধ করুন এবং পাওয়ার সুইচটি বন্ধ করুন। পরীক্ষা করে দেখুন কোনো দৃশ্যমান অনুপযুক্ত সরঞ্জাম রয়েছে কিনা এবং তারপর আমাদের পিওর‌্ইট কেয়ারলাইন নম্বরে কল করুন এবং একটি সার্ভিস রিকোয়েস্ট রেজিস্টার করুন।

**পিওর‌্ইট মারভেলা স্লিম মিনারেল RO+UV+MF মিনারেল -এ জমাকৃত পানি কতদিন পর্যন্ত খাওয়া যায়?**

জমাকৃত পানি আপনি ২ দিন পর্যন্ত ব্যবহার করতে পারবেন। যদি ২ দিনের মধ্যে ব্যবহার করা না হয়, আমরা পরামর্শ দিই আপনি পানিটা ফেলে, পুনরায় পূর্ণ করুন এবং তারপর পান করুন।

**আমি কি যেকোন ধরনের পানি পরিশোধনের জন্য মারভেলা স্লিম RO+UV+MF ব্যবহার করতে পারি?**

মারভেলা স্লিম RO+UV+MF 'সাধারন পানের জন্য' পানি পরিশোধন করে খরতা এবং অন্যান্য দূষিত পদার্থ অপসারন করে তা পানের জন্য নিরাপদ করবে। যদি প্রবেশকৃত পানিতে এমন অপরিশুদ্ধি থাকে যা সাধারন খাবার পানিতে থাকেনা (উচ্চ মাত্রায় আর্সেনিক, লোহা, অস্বচ্ছতা, জীবাণু ইত্যাদি) অথবা পানি কোন অপরিচিত সরবরাহ থেকে হয় (নদী, পুকুর, কুয়া ইত্যাদি) তাহলে উপযুক্ত প্রাক-পরিশুদ্ধির ব্যবস্থার প্রয়োজন হতে পারে।

**Reach Pureit @**
**1 6 6 2 7**
**bd.pureitwater.com**




pureit

# পিওরইট পরিবারে
# স্বাগতম
# ব্যবহার নির্দেশিকা

pureit

সহায়তার জন্য কল করুন

পিওরইট কেয়ারলাইন

১৬৬২৭

bd.pureitwater.com